গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
সদর, বান্দরবান পার্বত্য জেলা
www.doict.sadar.bandarban.gov.bd

**উপজেলা আইসিটি বিষয়ক কমিটির জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | উম্মে হাবীবা মীরা<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা |
| সভার তারিখ | : | ২৭ জুলাই ২০২৩ |
| সময় | : | সকাল- ১০.০০ টা |
| সভার স্থান | : | উপজেল পরিষদ সভা কক্ষ |
| উপস্থিতি ও অনুপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|
| ০১. | **সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত:** জেলা আইসিটি বিষয়ক সভা ও উপজেলা আইসিটি বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। | জেলা ও উপজেলা আইসিটি বিষয়ক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০২. | **জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত :** জাতীয় তথ্য বাতায়ন আরো অধিকতর কার্যকর ও তথ্য নির্ভর করতে হালনাগাদ তথ্য আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। উপজেলার সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের তথ্য বাতায়নের অসম্পূর্ণতা দূরীকরণের জন্য নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। উপজেলার সকল সরকারি দপ্তরসমূহে বাংলা ও ইংরেজি ভার্সনে তথ্য বাতায়ন হালনাগাদ করার নির্দেশনা দেওয়া হয়।<br>ওয়েব সাইটের নিরাপত্তার প্রয়োজনে এটুআই থেকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী জরুরী ভিত্তিতে নিয়মিত পাসওয়ার্ড পরিবর্তন এবং নিজ নিজ পোটালের ওয়েব এডমিনিস্ট্রেটর প্রোফাইল হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।<br>বান্দরবান সদর উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদ রয়েছে। সকল সরকারি অফিসের নিজ নিজ ডোমেইনে নিজস্ব আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে তথ্য বাতায়ন হালনাগাদ রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। ইউনিয়ন তথ্য বাতায়নে ইউপি সচিব/উদ্যোক্তাবৃন্দ বাংলা ও ইংরেজি ভার্সনে হালনাগাদ তথ্য আপলোড করবেন।<br>খ) উপজেলার সরকারি দপ্তরসমূহকে নিজ নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।<br>গ) ওয়েব সাইটের নিরাপত্তার প্রয়োজনে এটুআই থেকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী নিয়মিত পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। | ১। সরকারি দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। ইউপি সচিব (সকল)<br>৪। ইউডিসি উদ্যোক্তা (সকল) |
| ০৩. | **ই-ফাইলিং (নথি) সংক্রান্ত:** সরকারি দপ্তরসমূহে ই-নথি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। ই-নথি সিস্টেমের মাধ্যমে আগত সকল পত্র দাপ্তরিক পত্র হিসেবে বিবেচনা করে উক্ত সিস্টেমের মাধ্যমে প্রক্রিয়াকরণ এবং সিস্টেম থেকে পত্রজারীর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা<br>খ) যে সকল সরকারি দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সে দপ্তরসমূহ ই-নথিতে ডাক উপস্থাপন ও নিষ্পত্তি করতে অনুরোধ করা হয়।<br>গ) অপ্রয়োজনীয় পত্রজারী না করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | ক) সকল সরকারি অফিসে ই-নথি সিস্টেম ব্যবহারের মাধ্যমে পত্রজারীসহ দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয়।<br>খ) অনিস্পন্ন ডাক ও নথিসমূহ যথাসময়ে নিস্পন্ন করতে হবে এবং অপ্রয়োজনীয় পত্র প্রেরণ হতে বিরত থাকতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৩। সংশ্লিষ্ট সকল |
| ০৪. | **মাল্টিমিডিয়া ক্লাশরুম সংক্রান্ত:** সকল শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুমসমূহ নিয়মিত চালু রাখা এবং আরও ফলপ্রসু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। বান্দরবান সদর | ক) উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম এর বর্তমান অবস্থা পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর<br>২। উপজেলা শিক্ষা অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলায় মাল্টিমিডিয়া ক্লাশরুম সিস্টেমে ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন রয়েছে। mmcm সিস্টেমে সমস্যা থাকায় জুন/২০২৩ মাসে ক্লাশের তথ্য আপলোড করা যায়নি। যে সকল প্রতিষ্ঠান ইন্টারনেটের আওতায় নেই এবং সিস্টেম সমস্যা থাকা অবস্থায় মাল্টিমিডিয়া ক্লাস রেজিষ্টারে সংরক্ষণ করে প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | হবে।<br>খ) অনলাইন ড্যাশবোর্ড নিয়মিত মনিটরিং পূর্বক এমএমসি ক্লাস বৃদ্ধি করতে হবে।<br>গ) এমএমসি ক্লাসের জন্য আলাদা রুটিন করে সে অনুযায়ী নিয়মিত ক্লাস নিশ্চিত করে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সদর<br>৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ০৫. | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব সংক্রান্ত:** আইসিটি শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাবস্থাপন প্রকল্পের আওতায় বান্দরবান সদর উপজেলায় (বান্দরবান কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রেইচা উচ্চ বিদ্যালয়, চেমিডলু পাড়া উচ্চ বিদ্যালয়, বাঘমারা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, চিম্বুক উচ্চ বিদ্যালয়, এবং জাগো ফাউন্ডেশন অনলাইন স্কুল) মোট ০৬টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ মাল্টিমিডিয়া ক্লাশরুম স্থাপন করা হয়েছে। উক্ত ল্যাব সমূহের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ জানানো হয়। ল্যাবসমূহের নিরাপত্তা ও যথাযথ ব্যবহার মনিটর করার জন্য সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br><br>এছাড়া ২০২১-২২ অর্থ বছরে ১টি স্কুল অব ফিউচারসহ মোট ০৬টি শিক্ষা প্রতিষ্ঠানে (বান্দরবান কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, বালাঘাটা বিলকিস বেগম উচ্চ বিদ্যালয়, রাজবিলা উচ্চ বিদ্যালয়, ডনবসকো উচ্চ বিদ্যালয়, বীর বাহাদুর স্কুল এন্ড কলেজ, সুয়ালক উচ্চ বিদ্যালয়) শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়। এই প্রকল্পের আওতায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪জন শিক্ষক মনোনীত করে ১০দিন ব্যাপী "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনসেন্যান্স" বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br><br>ল্যাবে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আইসিটি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। এতে ল্যাবে স্থাপিত ল্যাপটপ ও অন্যান্য যন্ত্রাংশের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হবে পাশাপাশি প্রশিক্ষণ হতে প্রাপ্ত অর্থ দিয়ে ল্যাবের অচল যন্ত্রাংশ মেরামত করা যাবে মর্মে আলোচনা করা হয়।<br><br>যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব সহকারী নাই সে সকল প্রতিষ্ঠানে ল্যাব সহকারী নিয়োগের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।<br>উপজেলা আইসিটি বিষয়ক কমিটি-র মাসিক সভায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের ল্যাব ব্যবহার সংক্রান্ত রিপোর্টসহ উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ক) শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাব পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>খ) শেখ রাসেল ডিজিটাল ল্যাবে শিক্ষার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থাসহ ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>গ) ল্যাবে স্টক রেজিস্টার, পরিদর্শন রেজিস্টার, ছাত্র-ছাত্রী ও শিক্ষক ব্যবহার রেজিস্টারসহ অন্যান্য রেজিস্টার রাখতে হবে এবং তা নিয়মিত আপডেট করতে হবে।<br>ঘ) ল্যাবের নষ্ট কম্পিউটার সামগ্রী মেরামত ও পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>ঙ) ল্যাব নিয়মিত আইসিটি ক্লাসসহ অন্যান্য কার্যক্রম চালু রেখে ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>চ) নতুন ০৬টি শিক্ষা প্রতিষ্ঠানে ১টি স্কুল অব ফিউচার ও ৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এ নিয়মিত ক্লাস কার্যক্রম অব্যহত রয়েছে ।<br>ছ) চুক্তিনামা ও 'কম্পিউটার ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২' অনুযায়ী ল্যাবে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের সুযোগ দেয়া যাবে ।<br>জ) উপজেলা আইসিটি বিষয়ক কমিটি-র মাসিক সভায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের উপস্থিতি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের প্রতিষ্ঠান প্রধানদের উপস্থিত থাকতে হবে এবং সভায় ল্যাব ব্যবহার সংক্রান্ত মাসিক প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>ঝ) ল্যাবের নিরাপত্তার নিশ্চিত করতে হবে। প্রয়োজনে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সদর<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, সদর<br>৪। প্রতিষ্ঠান প্রধান(সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও অন্যান্য ল্যাব।<br>৪। সংশ্লিষ্ট সকল |
| ০৬. | **ডিজিটার সেন্টার সংক্রান্ত:** বান্দরবান সদরে ০১টি উপজেলা, ০১টি পৌর ডিজিটাল সেন্টার এবং ৬টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার রয়েছে। সংশ্লিষ্ট সকল সদস্যকে উক্ত ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত পরিদর্শন করার বিষয়ে আলোচনা হয়।<br>**একসেবায় সিস্টেমে নিয়মিত তথ্য আপলোডকরণ:** ইউডিসি'র দৈনিক রিপোর্ট একসেবায় নিয়মিত তথ্য আপলোড করা হয়না মর্মে সভাপতি উদ্বেগ প্রকাশ করেন। এ বিষয়ে উদ্যোক্তাদের মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যান ও সচিবদের অনুরোধ জানানো হয়। জুন/২০২৩ মাসে সদর উপজেলার ১টি ইউডিসির | ক) সুবিধামত সময়ে ইউডিসিসমূহ পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>খ) ইউডিসি'র দৈনিক আয়ের রিপোর্ট একসেবা uddokta.eksheba.gov.bd/login এ নিয়মিত আপলোড করতে হবে।<br>গ) ইউডিসি উদ্যোক্তাদের কার্যক্রম তদারকি এবং একসেবায় নিয়মিত আয়ের রিপোর্ট আপলোডের বিষয়ে নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>৩। ইউপি চেয়ারম্যান/সচিব (সকল)<br>৪। উদ্যোক্তা (সকল)<br>৫। সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | সংখ্যা ৫২ জন।<br>উপজেলা আইসিটি সংক্রান্ত কমিটির সভায় ইউডিসি'র উদ্যোক্তাদের উপস্থিতির বিষয় নিয়ে আলোচনা করা হয়।<br>ইউনিয়ন পর্যায়ে নিয়মিত বাংলা ও ইংরেজি ভার্সনে ওয়েব পোর্টাল হালনাগাদ করতে নির্দেশনা প্রদান করা হয়। | ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। উদ্যোক্তাদের মাসিক রিপোর্টসহ সভায় উপস্থিত হতে হবে। | |
| ০৭. | **সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত:** জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। UNO Bandarban Sadar Upazila নামে একটি ফেইসবুক পেইজের সাথে সংশ্লিষ্ট সকলকে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হয়। যেকোন ঘটনা অবগত হওয়ার সাথে সাথে থানায় অথবা প্রশাসনকে অবহিত করার জন্য সচেতন মহলকে এগিয়ে আসার অনুরোধ করেন। সোশ্যাল মিডিয়া ব্যবহার করার ক্ষেত্রে অতি সাবধানতা অবলম্বন এবং সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) সমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রত্যেক ধর্মীয় নেতৃবৃন্দ বিভিন্ন বয়ানে এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান পাঠদানকালে শিক্ষার্থীদের প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করার অনুরোধ করা হয়। | ক) উপজেলা পর্যায়ে প্রতিদিনের বিভিন্ন কার্যক্রম ও আপডেট তথ্য UNO Bandarban Sadar Upazila ফেইসবুক পেইজে নিয়মিত আপলোড করতে হবে।<br>খ) উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে নিজস্ব ফেইসবুক পেইজ খুলে এ পেইজে সংযুক্ত হতে হবে।<br>গ) সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে (জেলা ও উপজেলা তথ্য বাতায়নে আপলোড করা আছে)।<br>ঘ) অনলাইনে বিভিন্ন প্রতারণা ও প্রতারক চক্রের বিষয়ে আরও সতর্ক থাকতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। খন্ডকালীন টেকনিশিয়ান, সদর<br>৩। সংশ্লিষ্ট সকল |
| ০৮. | **সুরক্ষা সনদ সংশোধন সংক্রান্ত:** আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, বান্দরবান সদর কর্তৃক সুরক্ষা সিস্টেমে কোভিড-১৯ টিকা সনদ সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান করা হচ্ছে। | ক) সুরক্ষা সিস্টেমে কোভিড-১৯ ভ্যাক্সিন সংশোধনীর কার্যক্রম চলমান রাখতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর। |
| ০৯. | **স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩:** সভাপতি মহোদয় সকল সদস্যদের স্মার্ট বাংলাদেশ পুরস্কার-২০২৩ এর বিজ্ঞপ্তি ও নির্দেশনাবলী অধিক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে সকলকে নির্দেশনা প্রদান করেন। | ক) স্মার্ট বাংলাদেশ পুরস্কার-২০২৩ এর বিজ্ঞপ্তি ও নির্দেশনাবলী অধিক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)<br>৪। সংশ্লিষ্ট সকল |
| ১০. | **বিবিধ:** মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আইসিটি বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করতে আগ্রহ প্রকাশ করেন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। প্রশিক্ষণ আয়োজন করা হলে ছাত্র-ছাত্রী, শিক্ষকবৃন্দ উপকৃত হবেন। | ক) আইসিটি বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান |

উপস্থিত সকলের প্রতি আন্তরিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

উম্মে হাবীবা মীরা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সদর, বান্দরবান পার্বত্য জেলা
ফোন নম্বর- ০২৩৩৩৩০২১২২
E-mail: unobandarban@mopa.gov.bd

স্মারক: ৫৬.০৪.০৩৯১.০০০.০৬.০০১.২২- ৫২

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০
২৭ জুলাই ২০২৩

<u>সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ( মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, বান্দরবান পার্বত্য জেলা
৬। .....................................................................................................(সংশ্লিষ্ট সকল), সদর, বান্দরবান পার্বত্য জেলা।
৭। অফিস কপি।

২৭.০৭.২০২৩

(মোহাম্মদ ছুরত আলম)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
মোবাইল: ০১৮১৪-১৩৮৫৮৮
ই-মেইল- alamdoict@gmail.com